



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

প্রেস-রিলিজ

তারিখ : ২৫/১১/২০১৮খ্রি:

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল প্রকাশ পাশের হার ৩০.১৫%

বরিশাল বিশ্ববিদ্যালয়ের ২০১৮-১৯ শিক্ষাবর্ষে স্নাতক (সম্মান) ১ম বর্ষের ভর্তি পরীক্ষার ফলাফল আজ ২৫ নভেম্বর ২০১৮ তারিখ রবিবার বিকাল ৫ ঘটিকায় অনলাইনের মাধ্যমে প্রকাশিত হয়েছে। ‘ক’ ইউনিটে পাশের হার ৩০.৮৫%, ‘খ’ ইউনিটের পাশের হার ২৮.৩১% এবং ‘গ’ ইউনিটে পাশের হার ৩০.৬১%। ৩ টি ইউনিটে সামগ্রিকভাবে পাশের হার ৩০.১৫%। উপাচার্য মহোদয়ের কক্ষে আয়োজিত ফলপ্রকাশ অনুষ্ঠানে আনুষ্ঠানিক ভাবে অনলাইনের মাধ্যমে ফলাফল কার্যক্রম প্রকাশের উদ্বোধন করেন মাননীয় উপাচার্য প্রফেসর ড. এস এম ইমামুল হক। এ সময় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের ড্রেজারার অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান, সিন্ডিকেট সদস্য কলা ও মানবিক অনুষদের ডিন অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন, সিন্ডিকেট সদস্য জীববিজ্ঞান অনুষদের ডিন ড. মো. হাসিনুর রহমান, সিন্ডিকেট সদস্য ফলাফল প্রস্তুতকরণ ও তথ্যপ্রদান ইউনিটের সমন্বয়ক সিএসই বিভাগের চেয়ারম্যান বঙ্গবন্ধু হলের প্রভোস্ট রাহাত হোসাইন ফয়সাল, প্রক্টর ড. সুব্রত কুমার দাস, শিক্ষক সমিতির সভাপতি শেরে বাংলা হলের প্রভোস্ট মোঃ ইব্রাহীম মোল্লা, সাধারণ সম্পাদক ভূ-তত্ত্ব ও খনি বিদ্যা বিভাগের চেয়ারম্যান আবু জাফর মিয়া, বিশ্ববিদ্যালয়ের ২৪ টি বিভাগের সম্মানিত বিভাগীয় প্রধানগণ, শিক্ষকমন্ডলী, পরিচালকগণ, পরীক্ষা নিয়ন্ত্রকসহ বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের দপ্তর প্রধানগণ উপস্থিত ছিলেন। গত বছরের ন্যায় এ বছরও বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীদের মধ্যে মেধা তালিকায় বরিশাল বোর্ডের শিক্ষার্থীরাই শীর্ষে রয়েছে। বরিশাল বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফলাফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট <http://admission.eis.bu.ac.bd> এ পাওয়া যাবে।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে

উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস



জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd